

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.৬৩

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৮

১৪ জুন ২০২১

বিষয়: জনাব মো: আলমগীর কবীর শরীফ (৬০৬৬), সহযোগী অধ্যাপক (ইংরেজি), সরকারি এম.এম. কলেজ, যশোর-এর প্রশাসনিক ট্রাইব্যুনাল-২ কর্তৃক নির্দেশিত আদেশ বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জনাব মো: আলমগীর কবীর শরীফ (৬০৬৬), সহযোগী অধ্যাপক (ইংরেজি), সরকারি এম.এম. কলেজ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৮.০১.২০১৪খ্রি. তারিখে ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪০.১৩-২৬ সংখ্যক প্রজ্ঞাপনের বিরুদ্ধে ০৯.০৪.২০১৫খ্রি. তারিখে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকাতে ৫৭/২০১৫ (পুরাতন) এ.টি মামলা দায়ের করেন। পরবর্তীতে এ বিভাগ হতে ০৪.০৬.২০১৫খ্রি. ৩৭.০০.০০০০.০৩১.০২.০৩.১৫-৩২০ সংখ্যক স্মারকে এ.টি নং-৫৭/২০১৫ মামলাটি সরকারের পক্ষে পরিচালনার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে পত্র দেয়া হয়।

প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকার সদস্য (সিনিয়র জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল-২ ও জনাব হোসেন শহীদ আহমদ, সদস্য (সিনিয়র জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল-২ দায়েরকৃত মামলা নং-৩৮/২০১৭ (নতুন) ৫৭/২০১৫ (পুরাতন) মামলার বিষয়ে গত ০৯.০৭.২০১৮খ্রি. তারিখে জনাব মো: আলমগীর কবীর শরীফ (৬০৬৬), সহযোগী অধ্যাপক (ইংরেজি), সরকারি এম.এম. কলেজ, যশোর-এর পক্ষে নিম্নরূপ রায় প্রদান করেন:

“জনাব মো: আলমগীর কবীর শরীফ (৬০৬৬), সহযোগী অধ্যাপক (ইংরেজি) এর উপর আরোপিত বরখাস্তের আদেশ এতদ্বারা রদরহিত করা হলো। দরখাস্তকারীর গত ৩১.১২.২০১১খ্রি. তারিখ হতে ২৯.০৬.২০১৪খ্রি. তারিখ পর্যন্ত অনুপস্থিতকাল ভূতাপেক্ষভাবে অসাধারণ ছুটিতে রূপান্তর করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হলো এবং দরখাস্তকারীকে চাকুরীতে পূর্ববহাল করত: গত ৩০.০৬.২০১৪খ্রি. তারিখ হতে কর্মরত গণ্য সকল বকেয়া বেতন-ভাতাদি পরিশোধ করা সহ চাকুরীর সকল সুযোগ সুবিধা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো”।

পরবর্তীতে বিজ্ঞ প্রশাসনিক আপিল্যাট ট্রাইব্যুনাল-ঢাকাতে দায়েরকৃত এ.এ.টি মামলা নং-২৪৯/২০১৯ [উদ্ভব এটি মামলা নং-৩৮/২০১৭ (নতুন) ৫৭/২০১৫ (পুরাতন)] মামলায় সরকার আপীল করলে গত ০৮.১০.২০২০খ্রি. তারিখে মামলাটি খারিজ করে দেন।

বিজ্ঞ প্রশাসনিক আপিল্যাট ট্রাইব্যুনাল-ঢাকাতে দায়েরকৃত এ.এ.টি মামলা নং-২৪৯/২০১৯ [উদ্ভব এটি মামলা নং-৩৮/২০১৭ (নতুন) ৫৭/২০১৫ (পুরাতন)] মামলার রায় সরকারের বিপক্ষে খারিজ হওয়ায় এবং বর্ণিত মামলায় সরকারের আর্থিক সংশ্লিষ্টতা থাকায় উক্ত মামলার রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগে আপিল (CMP/CP) দায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় অ্যাটর্নী জেনারেল অব বাংলাদেশ, অ্যাটর্নী জেনারেল অফিস ও সলিসিটর ভবন, সুপ্রিম কোর্ট, ঢাকা-কে পত্র দেয়া হয়েছে।

এমতাবস্থায়, বিজ্ঞ প্রশাসনিক আপিল্যাট ট্রাইব্যুনাল-ঢাকাতে দায়েরকৃত এ.এ.টি মামলা নং-২৪৯/২০১৯ [উদ্ভব এটি মামলা নং-৩৮/২০১৭ (নতুন) ৫৭/২০১৫ (পুরাতন)] মামলার আপীলের সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিতকরণ এবং আপীল মামলার

পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৪-৬-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

ইমেইল: law.section2@shed.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.৬৩/১(৫)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৮

১৪ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৪-৬-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব